

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- এবাএখা/অর্থ ও হি:/অনলাইন ব্যাংক/১৫৩/২০১৬-১৭- ৪২৬০


তারিখ : ১৯.১১.২০২০ খ্রি.

বিষয়: আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ (এসএমই) বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ খাতের ১ম কিস্তির অর্থ অগ্রীম হিসেবে পাওয়া গিয়েছে যা সংশ্লিষ্ট হিসেবে নগদায়নের প্রকৃষ্ণাধীন রয়েছে। উক্ত অর্থ নিম্নোক্ত শর্তে দ্রুততার সাথে বিতরণ করে বিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

শর্তাবলীঃ

১. প্রকল্প/ ব্যাংকের যে সদস্য ইতোমধ্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নিয়ে আয়বর্ধক কাজে বিনিয়োগ করেছেন এবং নিয়মিত পরিশোধ করেছেন শুধুমাত্র তাদের মধ্যে বিতরণ করতে হবে;
২. ঋণের পরিমাণ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
৩. ঋণের মেয়াদ হবে ১৮ মাস। ঋণ বিতরণের ৩ মাস পর হতে কিস্তি আদায় শুরু করতে হবে।
৪. ঋণের সেবামূল্য হতে ৮% সরল সুদে/ফ্লাট রেটে;
৫. ঋণ গ্রহীতাদের মাস্টাররোল তৈরী করে দ্রুত প্রকল্পে প্রেরণ করতে হবে যাতে প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়ে দাখিল করে এ বাবদ গৃহীত অগ্রীম সমন্বয় করা যায়।



(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প
ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক
ঢাকা।